



## নিষিদ্ধ দলের তৎপরতা চোখে পড়া জাতির ব্যর্থতা: সেতুমন্ত্রী



সড়কমন্ত্রী শেখ রবিউল। ছবি: সংগৃহীত

নিষিদ্ধ কোনো সংগঠনের কার্যক্রম প্রকাশ্যে দেখা যাওয়াকে জাতির ব্যর্থতা বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম।

মঙ্গলবার (২৩ জুন) মুন্সীগঞ্জের সিরাজদিখান উপজেলার চর গলগলিয়া এলাকায় রেলপথ মন্ত্রণালয়ের বৃক্ষরোপণ কর্মসূচি শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

মন্ত্রী বলেন, “একসময় এটি একটি রাজনৈতিক দল ছিল। কিন্তু জনআকাঙ্ক্ষা ও জনগণের প্রতিপক্ষ হয়ে কার্যক্রম পরিচালনা করতে গিয়ে আজ তারা পরিত্যক্ত, জনগণ কর্তৃক বর্জিত এবং সর্বশেষ নিষিদ্ধ হয়েছে।” তিনি আরও বলেন, “নিষিদ্ধ মানে নিষিদ্ধই।”

নিষিদ্ধ দলের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে জানতে চাইলে শেখ রবিউল আলম বলেন, “নিষিদ্ধ সংগঠনের তৎপরতা চোখে পড়বে—এটা কাম্য নয়। একটি নিষিদ্ধ সংগঠনের তৎপরতা যদি চোখে পড়ে, এটা জাতির ব্যর্থতা।” তিনি মনে করেন, জনগণ ও আইনের সমন্বিত সিদ্ধান্তেই কোনো সংগঠনের বৈধতা নির্ধারিত হয়।

এদিকে বৃক্ষরোপণ কর্মসূচি প্রসঙ্গে মন্ত্রী জানান, রেলের জমিতে এ বছর ১ লাখ ৬০ হাজার গাছ লাগানোর পরিকল্পনা রয়েছে। পাশাপাশি দখলমুক্ত জমির উপযুক্ত ব্যবহার, সৌরবিদ্যুৎ প্রকল্প এবং অবকাঠামো উন্নয়ন কার্যক্রমও পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে।